বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়।
৮৩-৮৫,মতিঝিল বানিজ্যিক এলাকা,ঢাকা-১০০০
ঋণ আদায় বিভাগ।
Email: dgmrecovery@krishibank.org.bd

মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

নং-প্রকা/আদায়-৮(৫৯)/২০২০-২০২১/৫৫৬(১২৫০) তারিখ ঃ ০৫-১১-২০২০ খ্রিঃ

ই-মেইলযোগে

মহাব্যবস্থাপক
সকল বিভাগীয় কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয়
উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয় ঃ নবান্ন উৎসব উপলক্ষ্যে ১৬ নভেম্বর থেকে ০২ ডিসেম্বর, ২০২০ পর্যন্ত আমানত সংগ্রহ, ঋণ বিতরণ ও ঋণ আদায়ের বিশেষ কর্মসূচি গ্রহণ এবং ১৬ নভেম্বর, ২০২০ একযোগে সকল শাখায় নবান্ন অনুষ্ঠান আয়োজন প্রসংগে।**

প্রিয় মহোদয়,

আসন্ন অগ্রহায়ণ মাস নবান্নের মাস। এ মাসে বাংলার প্রধান ফসল আমন ধান বিক্রির মাধ্যমে কৃষকদের হাতে নগদ অর্থের আগমন ঘটে। আবার মৌসুমি ফসল উৎপাদনের জন্য কৃষকের নগদ অর্থের প্রয়োজন হয়। সুতরাং, এ সময়ই ঋণ বিতরণ ও ঋণ আদায়ের উপযুক্ত সময়। আসন্ন আমন ফসল কর্তনের মৌসুমে অত্যন্ত সচেতনতা, আন্তরিকতা ও পরিশ্রমের মাধ্যমে আমানত সংগ্রহ, ঋণ বিতরণ এবং ঋণ আদায়ের আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সংশ্লিষ্ট সকলের সচেষ্ট হওয়া প্রয়োজন। **এ উদ্দেশ্যকে বিবেচনায় রেখে আগামী ১৬ নভেম্বর থেকে ০২ ডিসেম্বর, ২০২০ তারিখ পর্যন্ত বিশেষ কর্মসূচি গ্রহণ এবং ১৬ নভেম্বর, ২০২০ তারিখে একযোগে সকল শাখায় 'নবান্ন অনুষ্ঠান' আয়োজন এবং ০২ ডিসেম্বর, ২০২০ তারিখে মহাক্যাম্প উপলক্ষ্যে ব্যাংকের আমানত সংগ্রহ, ঋণ বিতরণ এবং ঋণ আদায়ের বিশেষ কর্মসূচি গ্রহণ করা হয়েছে।**

০২। ২০২০-২০২১ অর্থ বছরের ২৯-১০-২০২০ পর্যন্ত ১৮ তম সপ্তাহ শেষে ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা ১৫০০০.০০ কোটি টাকার বিপরীতে অর্জনের পরিমাণ ৩৪৩৪.৬০ কোটি টাকা ও অর্জনের হার **২৩ %**, আনুপাতিক লক্ষ্যমাত্রার (৫০৯২.৩০ কোটি ও হার ৩৫%) তুলনায় ১৬৫৭.৭০ কোটি টাকা কম এবং বার্ষিক ঋণ আদায় লক্ষ্যমাত্রা ৯১৮৯.৩৬ কোটি টাকার বিপরীতে অর্জনের পরিমাণ ১৭৫৮.০৫ কোটি টাকা ও অর্জনের হার ১৯%, আনুপাতিক লক্ষ্যমাত্রার (৩১৮০.৯৩ কোটি ও হার ৩৫%) তুলনায় ১৪২২.৮৮ কোটি টাকা কম এবং আমানত সংগ্রহ ৭৪২৯.০১ কোটি টাকার বিপরীতে অর্জনের পরিমাণ ৯৪৬.৮৬ কোটি ও অর্জনের হার ১৩%, যা আনুপাতিক লক্ষ্যমাত্রার (২৫৭১.৫৮ কোটি টাকা ও হার ৩৫%) এর তুলনায় ১৬২৪.৭২ কোটি টাকা কম এবং তা মোটেই সন্তোষজনক নয়। ঋণ বিতরণ ও ঋণ আদায়ের উপরোক্ত নাজুক পরিস্থিতি কাটিয়ে আগামী **০২-১২-২০২০** তারিখের মধ্যে আমানত সংগ্রহ, ঋণ বিতরণ এবং ঋণ আদায়ের আনুপাতিক লক্ষ্যমাত্রার (৪৪%) শতভাগ অর্জন নিশ্চিত করার লক্ষ্যে **'নবান্ন উৎসব'** উপলক্ষ্যে স্থানীয় মুখ্য কার্যালয় এবং বিভাগসমূহের মধ্যে বিভিন্ন খাতে লক্ষ্যমাত্রা পরিশিষ্ট-১ অনুযায়ী নির্ধারণ করা হয়েছে। **০২ ডিসেম্বর, ২০২০ তারিখে অনুষ্ঠিতব্য মহাক্যাম্পের লক্ষ্যমাত্রা পরবর্তীতে প্রদান করা হবে। বিভাগীয় কার্যালয়সমূহ তাঁদের আওতাধীন কর্পোরেট শাখা/মুখ্য অঞ্চল/অঞ্চলসমূহের মধ্যে বন্টনপূর্বক উক্ত পত্রের অনুলিপি ঋণ আদায় বিভাগে আগামী ০৮-১১-২০২০ তারিখের মধ্যে প্রেরণ নিশ্চিত করবেন। বিভাগীয় কার্যালয় হতে প্রাপ্ত লক্ষ্যমাত্রা মুখ্য অঞ্চল/অঞ্চল প্রধানগণ তাঁদের আওতাধীন শাখাসমূহের মধ্যে উক্ত লক্ষ্যমাত্রা আনুপাতিক হারে বন্টন করে দিবেন।**

০৩। মাঠ পর্যায়ে ব্যাংকের গৃহীত যে কোন কর্মসূচির সফল বাস্তবায়ন মহাব্যবস্থাপক,বিভাগীয় কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয়,অঞ্চল প্রধান এবং কর্পোরেট শাখা প্রধানের গতিশীল নের্তৃত্ব, তাৎক্ষণিক যথাযথ নির্দেশনা প্রদান ও প্রয়োজনীয় তদারকির উপর বহুলাংশে নির্ভরশীল বিধায় এ কর্মসূচির সফল বাস্তবায়নের দায়-দায়িত্ব তাঁদের উপর ন্যস্ত করা হলো। মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয়/মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণ এ কর্মসূচি সফলভাবে আয়োজনের মাধ্যমে নির্ধারিত ঋণ বিতরণ এবং ঋণ আদায় লক্ষ্যমাত্রার ১০০% অর্জন নিশ্চিত করার লক্ষ্যে তাঁদের প্রজ্ঞা ও অভিজ্ঞতার আলোকে কর্পোরেট শাখা/শাখাসমূহকে যথোপযুক্ত দিক নির্দেশনা প্রদান করবেন এবং কর্মসূচির সফল বাস্তবায়নে কর্পোরেট শাখা/শাখাসমূহ কর্তৃক গৃহীত কর্মসূচির তদারকি কার্যক্রম জোরদার করবেন। অনুরূপভাবে স্থানীয় মুখ্য কার্যালয় প্রধান উক্ত কর্মসূচির সফল বাস্তবায়নে কার্যালয়ে কর্মরত জনশক্তির সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করবেন।

০৪। **"নবান্ন উৎসব" কর্মসূচির সফল বাস্তবায়নে মাঠ কার্যালয়সমূহের করণীয়ঃ**

**(ক) আমানত সংগ্রহ ঃ**

ব্যাংকের বিনিয়োগ কার্যক্রমসহ সার্বিক আর্থিক কর্মকান্ডের স্বাভাবিক গতিধারা অব্যাহত রাখার স্বার্থে আমানত সংগ্রহ অপরিহার্য। **সুদবিহীন/কম সুদবাহী আমানত** সংগ্রহের উপর বিশেষ গুরুত্ব আরোপসহ বর্তমান অর্থবছরের বার্ষিক আমানত সংগ্রহ লক্ষ্যমাত্রার ১০০% অর্জন নিশ্চিত করতে হবে। নতুন প্রবর্তিত ৬টি আমানত স্কীম খোলাসহ ৫(পাঁচ) লক্ষ নতুন সুদমুক্ত/কম সুদবাহী আমানত হিসাব খোলার জন্য ইতোপূর্বে ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ যে নির্দেশনা প্রদান করেছেন তা উক্ত কর্মসূচি চলাকালে শতভাগ অর্জনের জন্য পুনরায় পরামর্শ দেয়া হলো। ২০২০-২০২১ অর্থ বছরে বার্ষিক আমানত সংগ্রহ কর্মসূচী বাস্তবায়নে ২৮-০৭-২০২০ তারিখের শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগের পরিপত্র নং-০৮/২০২০ অনুসরণ করতে হবে।

**চলমান পাতা-০২**

(খ) **ঋণ বিতরণ ঃ**

(১) ব্যাংককে লাভজনক পর্যায়ে উন্নীত করার লক্ষ্যে পর্যাপ্ত পরিমাণ গুণগত মানসম্পন্ন ঋণ বিতরণ অপরিহার্য। **শস্য,মৎস্য, প্রাণিসম্পদ (Core Sector)** ও **চলতি মূলধন ঋণের** খাতসহ অন্যান্য সকল খাতে গুণগত মানসম্পন্ন ঋণ বিতরণ করে নবান্ন উৎসব উপলক্ষ্যে নির্ধারিত ঋণ বিতরণের আনুপাতিক লক্ষ্যমাত্রা ১০০% অর্জন নিশ্চিত করতে হবে;

(২) এসিডি-১ এর আওতায় ইতোমধ্যে প্রাপ্ত অতিরিক্ত ৫০০.০০ কোটি টাকার লক্ষ্যমাত্রা এ সময়ের মধ্যে বিতরণ নিশ্চিত করতে হবে;

(৩) এসিডি-২ এর আওতায় শস্য উৎপাদন খাতে পর্যাপ্ত ঋণ বিতরণের ব্যবস্থা করতে হবে;

(৪) সিএমএসএমই খাতে ঋণ বিতরণের সময়সীমা আগামী ৩০ নভেম্বর, ২০২০ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। এ খাতে প্রদত্ত লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ের মধ্যে শতভাগ অর্জন নিশ্চিত করতে হবে;

(৫) বর্গাচাষী ও ভূমিহীন কৃষকদের অনুকূলে ঋণ বিতরণের সহজীকরণ নীতিমালার আলোকে দ্রুততা ও স্বচ্ছতার সাথে পর্যাপ্ত ঋণ বিতরণ নিশ্চিত করতে হবে;

(৬) **এসএমই (SME)** খাতে ঋণ বিতরণ কার্যক্রম জোরদারকরণের মাধ্যমে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(গ) **ঋণ আদায় ঃ**

(১) **শ্রেণীকৃত ঋণ আদায়ঃ** নবান্ন উৎসব আয়োজনকালীন সময়ে **শ্রেণীকৃত ঋণ (CL)** বিশেষ করে মন্দ/ক্ষতি **(BL)** ঋণ আদায়ে বিশেষ গুরুত্বারোপ করতে হবে। **উল্লেখ্য শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগের ১০-০৯-২০২০ তারিখের পত্র নং-প্রকা/শানিব্যবি-১(১০২)এমসি-১৬/২০২০-২০২১/৪৩৬ মোতাবেক কেন্দ্রীয় Task force কর্তৃক নির্ধারিত ৬০টি শাখার শ্রেণীকৃত ঋণ কাংখিত পর্যায়ে হ্রাসের জন্য ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ সদয় নির্দেশনা প্রদান করেছেন;**

(২) **শ্রেণীযোগ্য ঋণ-১ (WCL-1) আদায়ঃ** নবান্ন উৎসব উপলক্ষ্যে **শ্রেণীযোগ্য ঋণ-১ (WCL-1 নিয়মিত+পুনঃতফসিলকৃত) আদায়ের** নির্ধারিত আনুপাতিক লক্ষ্যমাত্রার ১০০% অর্জন নিশ্চিত করতে হবে। ২০২০-২০২১ অর্থ বছরে শ্রেণীযোগ্য-২ ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা ৫১১৯.৫১ কোটি টাকা, যা বিগত অর্থ বছরগুলোর তুলনায় বেশী। উল্লিখিত শ্রেণীযোগ্য-২ (WCL-2) ঋণের কোন অংশ যাতে আগামী ৩০-০৬-২০২১ সূত্র তারিখে শ্রেণীকৃত ঋণে পরিণত না হয় সে ব্যাপারে এখন থেকেই শ্রেণীযোগ্য-২ ঋণ আদায়ের কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ সদয় নির্দেশনা প্রদান করেছেন;

(৩) **অবলোপনকৃত ঋণ আদায় ও ৫২-স্থগিত সুদ আয় খাতে স্থানান্তরঃ** ব্যাংকের আয় বৃদ্ধির লক্ষ্যে অবলোপনকৃত ঋণ আদায় এবং ৫২-স্থগিত সুদ হতে আয় খাতে স্থানান্তরের নির্ধারিত লক্ষ্যমাত্রার ন্যূনতম ৪৪% অর্জন নিশ্চিত করতে হবে;

(৪) **সার্টিফিকেট মোকদ্দমা নিষ্পত্তিকরণঃ** সার্টিফিকেট আদালতের বাইরে মোকদ্দমা সংশ্লিষ্ট খাতকের সাথে ব্যক্তিগত নিবিড় যোগাযোগের মাধ্যমে শাখার উল্লেখযোগ্য সংখ্যক সার্টিফিকেট মোকদ্দমা নিষ্পত্তির কার্যকর ব্যবস্থা নিতে হবে।

(৫) **নোটিশ জারীঃ** শ্রেণীকৃত ও শ্রেণীযোগ্য ঋণ গ্রহীতাদের সাথে ব্যক্তিগত যোগাযোগ নিশ্চিত করতে হবে। নবান্ন উৎসব উপলক্ষ্যে জারীযোগ্য নোটিশ সংশ্লিষ্ট ঋণ গ্রহীতাদের নিকট ১২-১১-২০২০ তারিখের মধ্যে পৌঁছানো নিশ্চিত করতে হবে।

(৬) **শীর্ষ ১০০ খেলাপী ঋণ গ্রহীতাদের নিকট হতে শ্রেণীকৃত/খেলাপী ঋণ আদায় বৃদ্ধিকরণঃ** শীর্ষ ১০০ খেলাপী ঋণ গ্রহীতাদের তালিকা হালনাগাদ করণসহ তাঁদের নিকট হতে শ্রেণীকৃত ঋণ আদায় বৃদ্ধিকরণে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(৭) **তামাদি ঋণ আদায়/নিয়মিতকরণ ও তামাদি রোধ ঃ** তামাদি ঋণ আদায়/নিয়মিতকরণ এবং তামাদি রোধ কার্যক্রম জোরদারকরণের মাধ্যমে তামাদি ঋণের সংখ্যা ও পরিমাণ ৩০-০৬-২০২০ তারিখের তুলনায় উল্লেখযোগ্যভাবে হ্রাসকরণের বিষয়টি নিশ্চিত করতে হবে।

(৮) **ভুয়া ঋণ আদায় ঃ** চিহ্নিত ভুয়া ঋণসমূহের সাক্ষী, সনাক্তকারী ও জামিনদারদের উপর সামাজিক চাপ সৃষ্টিসহ আইনগত ব্যবস্থা গ্রহণের মাধ্যমে ভুয়া ঋণ আদায়ের কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(৯) **সকল কর্পোরেট শাখা প্রধান/শাখা ব্যবস্থাপকগণ ১৬ নভেম্বর, ২০২০ তারিখে সকল শাখায় একযোগে নবান্ন উৎসবের মূল অনুষ্ঠান এবং ২ ডিসেম্বর, ২০২০ তারিখে মহাক্যাম্পের আয়োজন করবেন।** উক্ত অনুষ্ঠান এবং মহাক্যাম্পে স্থানীয় প্রশাসনের সর্বোচ্চ নির্বাহী, বিশেষ করে সার্টিফিকেট মামলার দায়িত্বপ্রাপ্ত সার্টিফিকেট অফিসারকে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করে সদয় আমন্ত্রণ জানাতে হবে। অনুষ্ঠান আয়োজনে কোভিড-১৯ নিয়ন্ত্রণের ক্ষেত্রে বিশ্ব স্বাস্থ্য সংস্থা প্রণীত কোভিড-১৯ গাইড লাইন যথাযথভাবে অনুসরণ করতে হবে।

**(১০) নবান্ন উৎসব উপলক্ষ্যে নিম্নে বর্ণিত নমুনা অনুযায়ী স্থানীয় মুখ্য কার্যালয়সহ সকল কর্পোরেট শাখা/শাখায় "৬ ফুট× ২১/২ " ফুট মাপের ব্যানার (সবুজ কাপড়ের উপর সাদা লেখাসম্বলিত) টানাতে হবে।**

অগ্রহায়ণ মাসঃ নবান্নের মাস

**নবান্ন উৎসব**

**১৬ নভেম্বর থেকে ০২ ডিসেম্বর, ২০২০ পর্যন্ত**

আমানত সংগ্রহ, ঋণ বিতরণ এবং ঋণ আদায়ের

বিশেষ কর্মসূচি

আয়োজনেঃ বাংলাদেশ কৃষি ব্যাংক

.................... শাখা।

চলমান পাতা-০৩

(১১) **"নবান্ন উৎসব"** কর্মসূচিকে সাফল্যমন্ডিত করার জন্য ঢোল সহরত, লিফলেট ও মাইকিং এর মাধ্যমে ব্যাপক প্রচারণা চালাতে হবে এবং শাখাসমূহে উৎসবমুখর পরিবেশ সৃষ্টি করতে হবে।

**(১২) ঋণ আদায় বিভাগের ২৯-০৭-২০২০ তারিখের পত্র নং-১৩৬(১২০০) এর ২(ড) অনুচ্ছেদে বর্ণিত বিআরপিডি-০৫ তারিখ ১৬-০৫-২০১৯ এর আওতায় ঋণ পুনঃতফসিল ও এক্সিট পলিসির আওতায় সুবিধা প্রাপ্ত ঋণগ্রহীতাদের তালিকা প্রস্তুত ও পুনঃতফসিলকৃত ঋণসমূহের নিয়মিত কিস্তি তদারকীর মাধ্যমে আদায় এবং Exit Policy এর আওতায় মওকুফকৃত ঋণসমূহ ৩৬০ দিন পর্যন্ত অপেক্ষা করে সুদের পরিমাণ বৃদ্ধির চেয়ে দ্রুততম সময়ের মধ্যে আদায় নিশ্চিত করাকে সর্বোচ্চ অগ্রাধিকার প্রদান করার জন্য ব্যবস্থাপনা পরিচালক মহোদয় সদয় নির্দেশনা প্রদান করেছেন। যা অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ প্রদান করা হলো।**

০৫। স্থানীয় মুখ্য কার্যালয় এবং বিভাগীয় কার্যালয়সমূহ তাঁদের বিভাগাধীন কর্পোরেট শাখা ও মুখ্য অঞ্চল/অঞ্চলসমূহ কর্তৃক **"নবান্ন উৎসব"** উপলক্ষ্যে আয়োজিত ঋণ আদায় মহাক্যাম্পে অর্জন সংক্রান্ত তথ্যাদির সংকলিত বিবরণী পরিশিষ্ট-২ এ উল্লেখিত ছকে ১৭-১১-২০২০ এবং ০৩-১২-২০২০ তারিখ সকাল **১১.৩০** ঘটিকার মধ্যে **ই-মেইলযোগে** ঋণ আদায় বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে।

০৬। **''নবান্ন উৎসব"** কর্মসূচির সফল বাস্তবায়নের লক্ষ্যে বিভাগীয় কার্যালয়ে কর্মরত জনশক্তি বিভাগীয় মহাব্যবস্থাপকগণ তাঁদের বিভাগাধীন ঋণ বিতরণ ও ঋণ আদায়ে সবচেয়ে পিছিয়ে পড়া অথচ সম্ভাবনাময় অঞ্চল/কর্পোরেট শাখায় নিয়োজিত করবেন। অঞ্চল প্রধানগণ নিজ কার্যালয়ের কর্মকর্তাসহ বিভাগীয় কার্যালয় হতে প্রেরিত কর্মকর্তাদেরকে অঞ্চলাধীন ঋণ বিতরণ ও ঋণ আদায়ে সবচেয়ে পিছিয়ে পড়া অথচ সম্ভাবনাময় শাখায় নিয়োজিত করে তাদের শ্রম, সময় ও মেধাকে ব্যাংক/শাখার স্বার্থে কাজে লাগানোর জন্য সার্বিক ব্যবস্থা গ্রহণ করবেন। শাখা ব্যবস্থাপকগণ শাখায় কর্মরত মাঠকর্মীর সাথে এ সকল কর্মকর্তাগণকে সম্পৃক্ত করবেন।

০৭। **''নবান্ন উৎসব"** কার্যক্রম সরাসরি পর্যবেক্ষণ ও সফল বাস্তবায়নের জন্য প্রধান কার্যালয়ের উর্ধতন নির্বাহীগণ কর্পোরেট শাখা/ শাখাসমূহ কর্তৃক আয়োজিত ঋণ আদায় ক্যাম্প/মহাক্যাম্পে উপস্থিত থেকে মাঠকর্মীদের উদ্বুদ্ধ করবেন।

০৮। উপরোক্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ ও পরিপালনপূর্বক অধিক পরিমাণে **শ্রেণীকৃত ঋণ (CL)এবং শ্রেণীযোগ্য ঋণ-১(WCL-1)** আদায়ের বিষয়টি সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে **১৬ নভেম্বর থেকে ০২ ডিসেম্বর, ২০২০** পর্যন্ত **"নবান্ন উৎসব"** উপলক্ষ্যে আয়োজিত আমানত সংগ্রহ, ঋণ বিতরণ এবং ঋণ আদায়ের বিশেষ কর্মসূচির সফল বাস্তবায়নের মাধ্যমে নির্ধারিত ঋণ বিতরণ ও ঋণ আদায় লক্ষ্যমাত্রার শতভাগ অর্জন নিশ্চিত করার লক্ষ্যে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে। অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

০৫/১১/২০২০

(মোঃ আজিজুল বারী)
মহাব্যবস্থাপক
ঋণ আদায় মহাবিভাগ (অতিঃ দায়িত্বে)

নং-প্রকা/আদায়-৮(৫৯)/২০২০-২০২১/৫৫৬(১২৫০) তারিখঃ ০৫-১১-২০২০ খ্রিঃ

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০২। স্টাফ অফিসার, সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সচিব,পর্ষদ সচিবালয়/ সকল উপ-মহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান, বিকেবি, প্রকা, ঢাকা। অত্র পরিপত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপ-মহাব্যবস্থাপক, তথ্য প্রযুক্তি (সিস্টেমস) বিভাগকে অনুরোধ করা হলো।
০৬। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বিকেবি।
০৭। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বিকেবি।
০৮। নথি/মহানথি।

০৫/১১/২০২০

(অসীম ভূষণ কুন্ডু)
উপ-মহাব্যবস্থাপক

# বাংলাদেশ কৃষি ব্যাংক
## প্রধান কার্যালয়, ঢাকা।
## ঋণ আদায় বিভাগ।

বিষয়ঃ ১৬ নভেম্বর, ২০২০ তারিখে অনুষ্ঠিতব্য 'নবান্ন উৎসব' অনুষ্ঠানের আমানত সংগ্রহ, ঋণ বিতরণ এবং ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ প্রসঙ্গে।

(কোটি টাকায়)

| ক্রঃ নং | বিভাগের নাম | ঋণ আদায় | | | | | সর্বমোট ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা | ৫২-স্থগিত সুদের লক্ষ্যমাত্রা | অবলোপনকৃত ঋণের লক্ষ্যমাত্রা | পুনঃতফসিলিকৃত ঋণের লক্ষ্যমাত্রা (পুনঃতফসিল শ্রেণীযোগ্য-১,২ ব্যাতীত) | ঋণ বিতরণ | আমানত সংগ্রহ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | শ্রেণীকৃত ঋণের লক্ষ্যমাত্রা | শ্রেণীযোগ্য-১ ঋণের লক্ষ্যমাত্রা | | শ্রেণীযোগ্য-২ ঋণের লক্ষ্যমাত্রা | | | | | | | |
| | | | নিয়মিত | পুনঃতফসিলকৃত | নিয়মিত | পুনঃতফসিলকৃত | | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮(৩+৪+৫+৬+৭) | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ |
| ১ | ঢাকা | ১৬৯.০০ | ১৮২.০০ | ১০০.০০ | ১১৯.০০ | ১৩০.০০ | ৭০০.০০ | ৩৩.০০ | ৮.৭০ | ১২৫.০০ | ৩৮৭.০০ | ৬১৩.০০ |
| ২ | ময়মনসিংহ | ৬৩.০০ | ১১৬.০০ | ১০৬.০০ | ৬৪.০০ | ৭২.০০ | ৪২১.০০ | ২৪.০০ | ১.০০ | ২০৮.০০ | ১০৮.০০ | ১৫৪.০০ |
| ৩ | চট্টগ্রাম | ৯২.০০ | ৭৫.০০ | ২১.০০ | ৬৭.০০ | ৯৩.০০ | ৩৪৮.০০ | ১৫.০০ | ২.৮০ | ২৯.০০ | ২৬৩.০০ | ৩৭৫.০০ |
| ৪ | কুমিল্লা | ৩৬.০০ | ১৪৫.০০ | ৯২.০০ | ৭৪.০০ | ৩৮.০০ | ৩৮৫.০০ | ১৮.০০ | ১.৩০ | ৭০.০০ | ২৩৪.০০ | ১৮২.০০ |
| ৫ | সিলেট | ৯.০০ | ৫৫.০০ | ৪৪.০০ | ২০.০০ | ১৩.০০ | ১৪১.০০ | ৮.০০ | ০.৮০ | ১৭.০০ | ১৪৪.০০ | ১৩৯.০০ |
| ৬ | খুলনা | ২৯.০০ | ১১১.০০ | ৩১.০০ | ১১৯.০০ | ১৬.০০ | ৩০৬.০০ | ৮.০০ | ২.৯০ | ২৫.০০ | ২৬২.০০ | ১৬৪.০০ |
| ৭ | কুষ্টিয়া | ১৮.০০ | ৯৫.০০ | ৩৩.০০ | ৬২.০০ | ১৮.০০ | ২২৬.০০ | ৫.০০ | ০.৩০ | ২০.০০ | ২৭২.০০ | ৮৭.০০ |
| ৮ | বরিশাল | ১৬.০০ | ১১৯.০০ | ১৬৯.০০ | ৪৮.০০ | ২২.০০ | ৩৭৪.০০ | ৭.০০ | ১.০০ | ৯৬.০০ | ২১০.০০ | ১৭৬.০০ |
| ৯ | ফরিদপুর | ৮.০০ | ৬০.০০ | ২৯.০০ | ৫১.০০ | ১৪.০০ | ১৬২.০০ | ৫.০০ | ০.৪০ | ৩৫.০০ | ২৩২.০০ | ১১৫.০০ |
| ১০ | এলপিও | ১৩.০০ | ০.০০ | ০.০০ | ২২১.০০ | ২৪৯.০০ | ৪৮৩.০০ | ৩৫.০০ | ০.৪০ | ৩৫.০০ | ৫১০.০০ | ৫০.০০ |
| | সর্বমোট ঃ | ৪৫৩.০০ | ৯৫৮.০০ | ৬২৫.০০ | ৮৪৫.০০ | ৬৬৫.০০ | ৩৫৪৬.০০ | ১৫৮.০০ | ১৯.৬০ | ৬৬০.০০ | ২৬২২.০০ | ২০৫৫.০০ |

(মোঃ রায়হান প্রধান)
মুখ্য কর্মকর্তা

(নুরুল ইসলাম)
সহকারী মহাব্যবস্থাপক

# বাংলাদেশ কৃষি ব্যাংক

## বিভাগীয় কার্যালয়-------------- ।

পরিশিষ্ট-"২"

বিষয়ঃ ১৬ নভেম্বর, ২০২০ তারিখে অনুষ্ঠিত 'নবান্ন উৎসব' অনুষ্ঠানের দিন আমানত সংগ্রহ, ঋণ বিতরণ ও ঋণ আদায় সংক্রান্ত তথ্যাদি প্রেরণ প্রসঙ্গে।

(কোটি টাকায়)

| ক্রঃ নং | কর্পোরেট শাখা/ মুখ্য অঞ্চল/ অঞ্চলের নাম | আমানত সংগ্রহ | | | ঋণ বিতরণ | | | ঋণ আদায়ের পরিমাণ | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | শ্রেণীকৃত ঋণ | | | শ্রেণীযোগ্য ঋণ-১ | | | | শ্রেণীযোগ্য ঋণ-২ | | | | মোট ঋণ আদায় | | | | পুনঃতফসিলিকৃত ঋণ আদায় | | | ৫২- স্থগিত সুদ আদায় | | | অবলোপনকৃত ঋণ আদায় | | |
| | | | | | | | | | | | নিয়মিত ঋণ | | পুনঃতফসিলিকৃত | | নিয়মিত ঋণ | | পুনঃতফসিলিকৃত ঋণ | | | | অর্জন | | | | | | | | | | |
| | | লক্ষ্যমাত্রা | পরিমাণ | হার | লক্ষ্যমাত্রা | পরিমাণ | হার | লক্ষ্যমাত্রা | অর্জন | হার | লক্ষ্যমাত্রা | অর্জন | লক্ষ্যমাত্রা | অর্জন | লক্ষ্যমাত্রা | অর্জন | লক্ষ্যমাত্রা | অর্জন | লক্ষ্যমাত্রা | মোট গ্রাহক সংখ্যা | পরিমাণ | হার | লক্ষ্যমাত্রা | অর্জন | হার | লক্ষ্যমাত্রা | অর্জন | হার | লক্ষ্যমাত্রা | অর্জন | হার |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ | ২১ | ২২ | ২৩ | ২৪ | ২৫ | ২৬ | ২৭ | ২৮ | ২৯ | ৩০ | ৩১ | ৩২ |
| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |